# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৬৯

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

بَابٌ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، حَدَّثَنَا الْعَوَّامُ بْنُ حَوْشَبٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ أَبِي سُلَيْمَانَ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لَمَّا خَلَقَ اللَّهُ الأَرْضَ جَعَلَتْ تَمِيدُ فَخَلَقَ الْجِبَالَ فَعَادَ بِهَا عَلَيْهَا فَاسْتَقَرَّتْ فَعَجِبَتِ الْمَلاَئِكَةُ مِنْ شِدَّةِ الْجِبَالِ قَالُوا يَا رَبِّ هَلْ مِنْ خَلْقِكَ شَيْءٌ أَشَدُّ مِنَ الْجِبَالِ قَالَ نَعَمِ الْحَدِيدُ . قَالُوا يَا رَبِّ فَهَلْ مِنْ خَلْقِكَ شَيْءٌ أَشَدُّ مِنَ الْحَدِيدِ قَالَ نَعَمِ النَّارُ . فَقَالُوا يَا رَبِّ فَهَلْ مِنْ خَلْقِكَ شَيْءٌ أَشَدُّ مِنَ النَّارِ قَالَ نَعَمِ الْمَاءُ . قَالُوا يَا رَبِّ فَهَلْ مِنْ خَلْقِكَ شَيْءٌ أَشَدُّ مِنَ الْمَاءِ قَالَ نَعَمْ الرِّيحُ قَالُوا يَا رَبِّ فَهَلْ مِنْ خَلْقِكَ شَيْءٌ أَشَدُّ مِنَ الرِّيحِ قَالَ نَعَمِ ابْنُ آدَمَ تَصَدَّقَ بِصَدَقَةٍ بِيَمِينِهِ يُخْفِيهَا مِنْ شِمَالِهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مَرْفُوعًا إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ .

বাংলা

৩৩৬৯. মুহাম্মদ ইবন বাশশার (রহঃ) ....... আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা’আলা যমীন সৃষ্টির পর যখন সেটি কাঁপতে থাকে। তখন তিনি পাহাড় সৃষ্টি করেন এবং সেগুলিকে এর উপর স্থাপন করিয়ে দিলেন। ফলে তা স্থির হয়ে যায়। ফিরিশতারা পাহাড়ের কাঠিন্য দেখে আশ্চার্যান্বিত হলেন। তারা বললেনঃ হে রব! পাহাড় থেকে কঠিন কোন সৃষ্টি আপনার আছে কি?

তিনি বললেনঃ হ্যাঁ। তা হল লোহা। তারা বললেনঃ হে রব! লোহা অপেক্ষায় কঠিন কোন সৃষ্টি আপনার আছে কি?
তিনি বললেনঃ হ্যাঁ। তা হল অগ্নি। তারা বললেনঃ হে রব! আগুন থেকেও শক্ত কোন সৃষ্টি আপনার আছে কি?
তিনি বললেন হ্যাঁ। তা হল পানি।

তারা বললেনঃ হে রব! পানি থেকেও কোন শক্তিশালী সৃষ্টি আপনার আছে কি? তিনি বললেনঃ হ্যাঁ, তা হল বায়ু। তারা বললেনঃ বায়ু অপেক্ষা শক্তিশালী আপনার কোন সৃষ্টি আছে কি? তিনি বললেনঃ হ্যাঁ। সে হল আদম সন্তান।

যে তার ডান হাতে সদকা দেয়, বাম হাত থেকেও তা সে গোপন রাখে।

যঈফ, মিশকাত ১৯২৩, তা’লীকুর রাগীব ২/৩১, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৬৯ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) এ হাদীসটি গারীব। এ সূত্র ছাড়া এটি মারফূ’ রূপে বর্ণিত আছে বলের আমাদের জানা নেই।

## English

Anas bin Malik narrated that:
The Prophet said: “When Allah created the earth, it started shaking. So He created the mountains, and said to them: ‘Upon it’ so it began to settle. The angels were amazed at the strength of the mountains, so they said: ‘O Lord! Is there among your creatures one who is more severe than the mountains?’ He said: ‘Yes. Iron.’ They said: ‘O Lord! Then is there anything among your creatures that is more severe than that iron?’ He said: ‘Yes. Fire.’ S they said: ‘O Lord! Is there anything among your creatures that is more severe than fire?’ He said: ‘Yes. Water.’ They said: ‘O Lord! Is there anything among your creatures that is more severe than water?’ He said: ‘Yes. Wind.’ They said: ‘O Lord! Is there anything among your creatures more severe than wind?’ He said: ‘Yes. The son of Adam. He gives charity with his right hands, while hiding it from his left.’”

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38760

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন